

১০/১১/০৭
২২

ঢাবিতে ভর্তি ফরম নিতে দুর্ভোগ

বিশ্ববিদ্যালয় বিশেষাচার
ঢাকা বিশ্ববিদ্যালয় ২০০৭-০৮ শিক্ষা বর্ষের ভর্তি ফরম বিক্রিতে এসে নানা দুর্ভোগ সত্ত্বেও আনন্দ-উল্লাসে ক্যাম্পাস মুখর করে তুলেছে নবাবগত শিক্ষার্থীরা। হাজার হাজার নতুন মুখের উপস্থিতিতে ক্যাম্পাস যেন হেসে উঠেছে। ব্যাংকের সীমিতসংখ্যক বুথে ফরম বিতরণ করায় নবাবগতরা সীমাহীন দুর্ভোগেরও শিকার হচ্ছে। ঘটনার পর ঘটনা লাইনে দাঁড়িয়ে থেকে তাদের ফরম সংগ্রহ করতে হচ্ছে।
চার ইউনিটের ফরম দেয়া হচ্ছে তিনটি ব্যাংকের দুর্ভোগ : পৃষ্ঠা ১৫ : কলাম ২

দুর্ভোগ : ঢাবিতে

(শেষ পৃষ্ঠার পর)

নবাবগে। এর মধ্যে কার্তন হল সংলগ্ন অগ্রণী ব্যাংকে 'ক' ইউনিটের, টিএসসির জনতা ব্যাংকে 'খ' ইউনিট এবং 'ঘ' ইউনিট ও প্রশাসনিক ভবনের সোনালী ব্যাংক থেকে 'গ' ইউনিটের ফরম দেয়া হচ্ছে। হাজার হাজার নবাবগত শিক্ষার্থী দেশের সেরা বিদ্যালয় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে সৌভাগ্য শুরু করেছে। এবার ফরম বিক্রিতে কড়াকড়ি থাকায় কেউই সেক্টরগুলো থেকে ফরম পাওয়া যাচ্ছে না। যে কারণে ক্যাম্পাসে সপর্ষীর হাজির হয়ে ছাত্রছাত্রীদের ফরম সংগ্রহ করতে হচ্ছে। ফলে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ছাত্রছাত্রীরা ফরম সংগ্রহ ও জমা দিচ্ছে। এ কারণে তারা পড়ছে অসহনীয় দুর্ভোগে। সুযোগসন্ধানী কিছু প্রতারক এ সুযোগকে কাজে লাগিয়ে নবাবগতদের সঙ্গে প্রতারণা করছে। ফরম সংগ্রহ করে দেয়ার নামে অনেকেরই টাকা-পয়সা নিয়ে কেটে পড়ার ঘটনা ঘটছে। টিএসসিতে কুটিল থেকে আসা দুই ছাত্রকে টাকা-পয়সা হারিয়ে সোমবার কাফাকাটি করতে দেখা যায়।

অন্যান্য বছরের তুলনায় রেকর্ডসংখ্যক ভর্তি ফরম বিক্রি হচ্ছে এবার। সোমবার পর্যন্ত 'ক' ইউনিটে ২০ হাজার ৫০০, 'খ' ইউনিটে ২১ হাজার, 'গ' ইউনিটে ২১ হাজার ৫০০ এবং 'ঘ' ইউনিটে ৩০ হাজার ৬০০টি ফরম বিক্রি হয়েছে। যা গত বছরের তুলনায় অনেক বেশি। টিএসসির জনতা ব্যাংকে 'খ' ও 'ঘ' ইউনিটের ফরম কিনতে প্রতিদিন দীর্ঘ লাইন পড়ে। লাইন অনেক সময় বাংলা একাডেমীও ছাড়িয়ে যায়। কার্তন হলের অগ্রণী ব্যাংকেও দেখা যায় শিক্ষার্থীদের দীর্ঘ লাইন। নীরব কার্তন হলেও নবাবগত ভর্তিছু শিক্ষার্থীরা প্রকাশ করছে উল্লাস। একই সঙ্গে বাণিজ্য অনুষ্ঠানের 'গ' ইউনিটের ফরম কিনতে ভিড় জমাচ্ছে শিক্ষার্থীরা। তবে সেখানে দীর্ঘ লাইন তেমন চোখে পড়ে না। প্রতারণাীদের কাছ থেকে জানা যায়, 'গ' ইউনিটের কাউন্টারে সোমবার সারাদিনই কম ভিড় ছিল।

আগামী ১৮ নভেম্বর পর্যন্ত ফরম বিতরণ ও জমা গ্রহণ চলবে। ৩০ নভেম্বর 'গ' ইউনিটের মাধ্যমে শুরু হবে ভর্তি পরীক্ষা। সোমবার পর্যন্ত ফরম বিক্রির সময়সীমা বাড়ানোর কোন চিন্তাভাবনা নেই বলে জানা গেছে।